

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবির সঙ্গে যুক্তরাজ্যের সেভ অ্যা লিটল হোপের সমঝোতা স্মারক স্বাক্ষর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে যুক্তরাজ্য ভিত্তিক সংগঠন সেভ অ্যা লিটল হোপের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। আজ মঙ্গলবার (২৮ এপ্রিল ২০২৬) নোবিপ্রবি উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে এ উপলক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

সমঝোতা স্মারকে নোবিপ্রবির পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী এবং সেভ অ্যা লিটল হোপের পক্ষে সংস্থাটির কান্ট্রি ডিরেক্টর ইঞ্জিনিয়ার মো. সাদমান সাকিব চৌধুরী স্বাক্ষর করেন। এ সময় অন্যদের মাঝে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ ও বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ মহিনুজ্জামান, সেভ অ্যা লিটল হোপের প্রধান উপদেষ্টা ড. মোহাম্মদ সাহাব উদ্দিন এবং উপদেষ্টা আলিফ মেহরাব সহ ক্যাম্পাসে কর্মরত সাংবাদিকবৃন্দ।

সংবাদ সম্মেলনে সংক্ষিপ্ত বক্তৃতায় অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, বর্তমান বিশ্বে কৃত্রিম বুদ্ধিমত্তা গুরুত্বপূর্ণ সমন্বয়যোগী প্রযুক্তি। সেভ অ্যা লিটল হোপের সঙ্গে স্বাক্ষরিত চুক্তি আমাদের শিক্ষার্থীদের জন্য নতুন সম্ভাবনার দ্বার উন্মুক্ত করবে, এবং তাদেরকে দক্ষ মানবসম্পদ হিসেবে গড় তুলবে। পাশাপাশি আমাদের ফ্যাকাল্টিগণ তাদের লেকচার ও গবেষণা কাজে এর ব্যবহারের মাধ্যমে সমৃদ্ধ হতে সক্ষম হবে। এ সময় তিনি আরও বলেন, নোবিপ্রবি সবসময় যুগোপযোগী শিক্ষা ও গবেষণার ওপর গুরুত্বারোপ করে। আন্তর্জাতিক সংস্থার সঙ্গে এ ধরনের চুক্তি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক মানোন্নয়নে ভূমিকা রাখবে।

এ সময় উপাচার্য আরও উল্লেখ করেন, সম্প্রতি পরিকল্পনা কমিশনের সবুজ পাতায় নোবিপ্রবির আবাসিক হল নির্মাণসহ প্রায় চার হাজার আসনের আবাসন সুবিধা এবং অন্যান্য অবকাঠামো উন্নয়নে প্রায় ৫০০ কোটি টাকার প্রকল্প অন্তর্ভুক্ত হয়েছে। একই সঙ্গে বিশ্ববিদ্যালয় ও এর সংলগ্ন এলাকায় জাপানের সহায়তায় সুপেয় পানি সরবরাহ নিশ্চিত করতে ২০ কোটি টাকার আরও একটি প্রকল্প সবুজ পাতায় অন্তর্ভুক্ত হয়েছে। এর সঙ্গে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন নোবিপ্রবি উপাচার্য।

প্রসঙ্গত, এ চুক্তির আওতায় কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) বিষয়ক প্রশিক্ষণ, দক্ষতা উন্নয়ন এবং শিক্ষক-শিক্ষার্থীদের প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধিতে যৌথভাবে বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করবে। পাশাপাশি শিক্ষার্থীদের আধুনিক প্রযুক্তি নির্ভর জ্ঞান ও আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ ও সনদ (সিপিডি) প্রদানের ক্ষেত্রে এ চুক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪